## *আপনি গার্হস্থ্যহিংসার শিকার হলে পুলিশ এবং আদালত সাহায্য করতে পারে।*

***পুলিশ কী করতে পারে:***

*আপনাকে একটি নিরাপদ জায়গা, হিংসার থেকে দূরে একটি জায়গা খুঁজতে সাহায্য করবে।

*কীভাবে আদালত আপনাকে হিংসার থেকে সুরক্ষিত থাকতে সাহায্য করতে পারে সে ব্যাপারে জানাবে।

*কোনও আঘাতের জন্য আপনাকে এবংআপনার বাচ্চাকে চিকিত্সাগত পরিচর্যা পেতে সাহায্য করবে।

*আপনার বাড়ি থেকে প্রয়োজনীয় জিনিসপত্র পেতে সাহায্য করবে।

*হিংসা বিষয়ক পুলিশ রিপোর্টের প্রতিলিপি আপনাকে প্রদান করবে।

*ফৌজদারি আদালতে একটি অভিযোগ দায়ের করবে এবং কোথায় আপনার স্থানীয় ফৌজদারি আদালত এবং পারিবারিক আদালত অবস্থিত সে ব্যাপারে আপনাকে জানাবে।

***আদালত কী করতে পারে:***

*যে ব্যক্তি আপনার ক্ষতি করেছে বা আপনাকে হুমকি দিয়েছে যদি সে রক্তের সম্পর্কেরবা বিবাহেরমাধ্যমেআত্মীয় হয় বা এমন কোনও ব্যক্তি হয় যার সঙ্গে সম্পর্কের কারণে আপনার একটি বাচ্চা আছে বা এমন কোনও ব্যক্তিযার সঙ্গে আপনার খুব ঘনিষ্ঠ সম্পর্ক আছে বা ছিল তাহলে পারিবারিক আদালত, ফৌজদারি আদালত বা উভয় আদালতে মামলা দায়ের করার অধিকার আপনার আছে।

*আপনার প্রয়োজনীয় ফর্মগুলি পারিবারিক আদালত এবং ফৌজদারি আদালতে পাওয়া যায়।

*আদালত আপনার, আপনার বাচ্চা এবং কোনও সাক্ষীর জন্যসুরক্ষার অস্থায়ী আদেশ প্রদান করার সিদ্ধান্ত নিতে পারে, যদি কোনও ব্যক্তি এইঅনুরোধ করেন।

*পারিবারিক আদালত আপনাকে সাহায্য করার জন্য একজন উকিল নিযুক্ত করতে পারে,যদি আদালতের মনে হয় যে আপনারউকিল নিযুক্ত করার সংগতিনেই।

*পারিবারিক আদালত আপনার বাচ্চার জন্য অস্থায়ী শিশু সহায়তা এবং অস্থায়ী হেফাজতের আদেশ দিতে পারে।

**নিউ ইয়র্ক আইন উল্লেখ করে:** যদি আপনি গার্হস্থ্য হিংসার শিকার হন তাহলে কীভাবে অস্থায়ীসুরক্ষার আদেশ সংগ্রহ করা যায় সে সম্পর্কে তথ্য সহআপনি আপনার এবং আপনার বাচ্চার সুরক্ষার জন্য অফিসারের সাহায্যের জন্য অনুরোধ করতে পারেন। আপনি আপনার প্রয়োজনীয় ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করার জন্য অফিসারকে অনুরোধ করতে পারেন বা সেই অফিসারের অধিকারের সীমারমধ্যে আপনাকে এবং আপনার বাচ্চাকে একটি নিরাপদ জায়গায় নিয়ে যেতে সাহায্য করার বা ব্যবস্থা করার অনুরোধ করতে পারেন। এর মধ্যে রয়েছে কিন্তু এতে সীমিত নয় একটি গৃহ হিংসা বিষয়ক প্রকল্প, একজন পরিবারের সদস্য বা বন্ধুর বাড়ি বা একই রকম সুরক্ষিত জায়গা।যদি অফিসারের অধিকারের সীমা একটিমাত্র কাউন্টির চেয়ে বেশি হয় তাহলে যেখানে ঘটনাটি ঘটেছে সেই কাউন্টিতে একটি নিরাপদ জায়গায় আপনাকে এবং আপনার বাচ্চাকে নিয়ে যাওয়ার জন্য বা নিয়ে যাওয়ার ব্যবস্থা করার জন্য আপনি অফিসারকে অনুরোধ করতে পারেন।যদি আপনার বা আপনার বাচ্চার চিকিত্সাগত পরিচর্যার প্রয়োজন হয় তাহলে আপনার এরকম চিকিত্সা পরিচর্যা গ্রহণ করার জন্য অফিসারকে সাহায্যের জন্য অনুরোধ করার অধিকার আছে।আপনি বিনামূল্যে আইন বলবত্করণ এজেন্সির থেকে যে কোনও ঘটনার রিপোর্টের প্রতিলিপির জন্য অনুরোধ করতে পারেন।আপনার কাছে আপনার নিজের পছন্দের উকিল বেছে নেওয়ার অধিকার আছে এবং যদি আপনি পারিবারিক আদালতে মামলা করেন এবং যদি নির্ধারণ করা হয় যে আপনার একজন উকিল নিযুক্ত করার ক্ষমতা নেই, বিনামূল্যে আপনার প্রতিনিধিত্ব করার জন্য একজন উকিল অবশ্যই নিযুক্ত করতে হবে।আপনি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বা আইন বলবত্করণ অফিসারকে একটি ফৌজদারি অভিযোগ দায়ের করার জন্য অনুরোধ করতে পারেন।আপনার বিরুদ্ধে একটি পারিবারিক অপরাধ করা হলে আপনার কাছে পারিবারিক আদালতে আবেদন করার অধিকার আছে।আপনি যে দিন আদালতে যাবেন সেই দিন আবেদন জমা করার জন্য এবং সুরক্ষার আদেশ অনুরোধ করার অধিকার আছে এবং এরকম অনুরোধের আদালত চলাকালীন সে দিন বা বা পরবর্তী দিন শুনানি করতে হবে।আদালত পারিবারিক অপরাধের আচরণের জন্য একটি সুরক্ষার আদেশ জারি করতে এবং অন্যান্য বিধানের মধ্যে এর মধ্যে থাকতে পারে আপনার এবং আপনার বাচ্চাকে বিবাদী বা প্রতিবাদীর থেকে দূরে থাকার আদেশ।পারিবারিক আদালত অস্থায়ী শিশু সহায়তা পরিশোধের আদেশ এবং আপনার বাচ্চার অস্থায়ী হেফাজতের রায়দিতে পারে। যদি পারিবারিক আদালত সেশনে না থাকেআপনি সুরক্ষার আদেশ সংগ্রহ করার জন্য ফৌজদারি আদালত থেকে তত্ক্ষণাত সহায়তার অনুরোধ করতে পারেন।একটি সুরক্ষার আদেশ সংগ্রহ করার জন্য আপনার যে ফর্মগুলি প্রয়োজন সেগুলিপারিবারিক আদালত এবং স্থানীয় ফৌজদারি আদালতেলভ্য।গৃহ হিংসা, আঘাতের চিকিত্সা, এবং সুরক্ষিত জায়গা এবং আশ্রয়স্থল সম্পর্কিত তথ্যের জন্য এই কমিউনিটিতে উপলভ্য সম্পদগুলি ৪০০ নম্বরে ফোন করে ব্যবহার করা যেতে পারে।জ্ঞাতসারেমিথ্যা অভিযোগ সম্বলিতফৌজদারি অভিযোগ বা পারিবারিক আদালতে আবেদন দায়ের করা একটি অপরাধ।

*(NYS ক্রিমিনাল প্রোসিডিওর ল, সেকশন 530.11 (6))*

| | |
|---|---|
| **নিউ ইয়র্ক স্টেট**<br>**24 ঘন্টা গৃহ এবং যৌন**<br>**হিংসা বিষয়কহটলাইন**<br>**1-800-942-6906**<br>**বধির এবং যে ব্যক্তিদের শুনতে কষ্ট হয় তাদের জন্য ইংরেজি এবং স্প্যানিশ, একাধিক ভাষায় উপলভ্য ন্যাশনাল রিলে পরিষেবার জন্য:711**<br><br>**নিউ ইয়র্ক সিটি** (সমস্ত ভাষা)<br>**1-800-621-HOPE (4673) বা 311** | **আদালতের তথ্য**<br><br>নিউ ইয়র্ক সিটি- ফৌজদারি আদালত তথ্য<br>**1-646-386-4500**<br><br>NYS-এর অন্যান্য এলাকার আদালত তথ্য সংগ্রহ করার জন্য, সংশ্লিষ্ট অফিসারকে আদালতের নম্বরের জন্য অনুরোধ করুন,<br>আপনার ফোন ডাইরেক্টরি দেখুন, বা গৃহ এবং যৌন হিংসার হটলাইন (1-800-942-6906) নম্বরে ফোন করুন |

**শিকার ব্যক্তির তথ্য এবং প্রতিদিনের বিজ্ঞপ্তি (VICTIM INFORMATION AND NOTIFICATION EVERYDAY, VINE)**

স্টেটের কারাগার বা নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় কারাগারে বন্দী লোকেদের অবস্থান এবং মুক্তির তারিখ সম্পর্কিত তথ্য শিকার ব্যক্তি পেতে পারেন।এই প্রকল্পের সম্পর্কে আরও তথ্যের জন্য এবং কীভাবে আপনি নথিভুক্ত হতে পারবেন তার জন্য, কল করুন

**1-888-VINE-4NY (1-888-846-3469) বা www.vinelink.com**

**স্টেটব্যাপী অটোমেটেড শিকার ব্যক্তির তথ্য এবং বিজ্ঞপ্তি (STATEWIDE AUTOMATED VICTIM INFORMATION AND NOTIFICATION, SAVIN-NY)**

ভিক্টিম নোটিফিকেশন প্রকল্প যা একজন গার্হস্থ্য হিংসার শিকার ব্যক্তিকে একটি সুরক্ষার আদেশ জারি হওয়ার সময় বিজ্ঞপ্তিপাওয়ার জন্য নথিভুক্ত হওয়ার অনুমতি দেয়

**www.nyalert.gov**